



তারিখঃ ০৫ জানুয়ারী ২০২৫

## প্রেস বিজ্ঞপ্তি

## বিএনপি'র ভারপ্রাপ্ত চেয়ারম্যান জনাব তারেক রহমান এর শোকবার্তা

বিএনপি জাতীয় নির্বাহী কমিটির সদস্য, অবিভক্ত ঢাকা মহানগর বিএনপি'র সাবেক সহ-সভাপতি ও সাবেক সংসদ সদস্য এস এ খালেক এর মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন বিএনপি'র ভারপ্রাপ্ত চেয়ারম্যান জনাব তারেক রহমান।

আজ এক শোকবার্তায় বিএনপি'র ভারপ্রাপ্ত চেয়ারম্যান বলেন, “মরহুম এস এ খালেক একজন দেশপ্রেমিক রাজনীতিবিদ ছিলেন। নিজ এলাকায় জনপ্রিয় নেতা হিসেবে তাঁর সুনাম ছিল। তিনি সাবেক রাষ্ট্রপতি শহীদ জিয়াউর রহমান বীর উত্তম এর নীতি ও আদর্শে গভীরভাবে আস্থাশীল ছিলেন। তিনি বিএনপি নেতাকর্মীদের নিকট ছিলেন সমাদৃত। তিনি ছিলেন অত্যন্ত উদার, সজ্জন ও বিনয়ী মানুষ। তাঁর মৃত্যুতে আমি গভীরভাবে ব্যথিত হয়েছি।”

বিএনপি'র ভারপ্রাপ্ত চেয়ারম্যান শোকবার্তায় মরহুমের রূপের মাগফিরাত কামনা করেন এবং শোকার্ত পরিবারবর্গ ও শুভানুধ্যায়ীদের প্রতি গভীর সমবেদনা জানান।

(অ্যাডভোকেট রংহুল কবির রিজিভী)

সিনিয়র যুগ্ম মহাসচিব

বাংলাদেশ জাতীয়তাবাদী দল-বিএনপি।